# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫ , মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭ , ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd


স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/ তারিখ: ২২/০৯/২০২৬ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

### আন্তর্জাতিক ‘Young Asian Biotechnologist Prize 2026’ পেলেন কুবির শিক্ষক ড. জান্নাতুল ফেরদৌস

বায়োটেকনোলজি গবেষণায় অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ‘Young Asian Biotechnologist Prize 2026’ অর্জন করেছেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) ফার্মেসি বিভাগের সহযোগী অধ্যাপক *ড. জান্নাতুল ফেরদৌস। জাপানের The Society for Biotechnology, Japan (SBJ) তাঁকে এ সম্মাননা প্রদান করেছে।

গত ১৫ থেকে ১৭ সেপ্টেম্বর জাপানের Hokkaido University- তে অনুষ্ঠিত 78th SBJ Conference- এ ড. জান্নাতুল ফেরদৌসকে এ পুরস্কার প্রদান করা হয়। তাঁর পুরস্কারপ্রাপ্ত গবেষণার বিষয় “Engineering Nanogel Dispersion for Advanced Drug Delivery Systems”। উন্নত ও কার্যকর ওষুধ সরবরাহব্যবস্থা তৈরিতে ন্যানোজেল ডিসপারশন নিয়ে তাঁর গবেষণার স্বীকৃতি হিসেবে এ পুরস্কার দেওয়া হয়।

পুরস্কার অর্জনের পর মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) ড. জান্নাতুল ফেরদৌস কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এম এম শরীফুল করীম, মাননীয় উপ- উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আমজাদ হোসেন সরকার এবং মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বেলাল উদ্দিন এর সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় মাননীয় উপাচার্য, মাননীয় উপ- উপাচার্য এবং মাননীয় ট্রেজারার তাঁকে অভিনন্দন জানান এবং তাঁর এ অর্জনে সন্তোষ প্রকাশ করেন।

ড. জান্নাতুল ফেরদৌসের এ অর্জন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রমে একটি উল্লেখযোগ্য সংযোজন। আন্তর্জাতিক পর্যায়ে তাঁর এ স্বীকৃতি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক- গবেষকদের গবেষণায় আরও উৎসাহিত করবে বলে প্রত্যাশা করা হচ্ছে। একই সঙ্গে উন্নত ওষুধ সরবরাহব্যবস্থা নিয়ে তাঁর গবেষণা ভবিষ্যতে চিকিৎসা ও ওষুধবিজ্ঞানের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আশা করা যায়।

(মোহাম্মদ এমদাদুল হক)
ডেপুটি রেজিস্ট্রার
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য),কুবি।
৩. পিএ টু ট্রেজারার ( ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য),কুবি।
৪. সংশ্লিষ্ট নথি।